

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ২৭৫১

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৫. দ্বিতীয় অনুচ্ছেদ - মদীনার হারামকে আল্লাহ তা'আলা কর্তৃক সংরক্ষণ প্রসঙ্গে

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَخْرُ قَرْيَةَ مِنْ قُرَى
الْإِسْلَامِ خَرَابًا الْمَدِينَةَ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

২৭৫১-[২৪] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (কিয়ামতের সন্নিহিতবর্তী সময়ে) ইসলামী জনপদসমূহের মধ্যে সর্বশেষে ধ্বংস হবে মদীনাহ্। (তিরমিযী; তিনি বলেছেন, হাদীসটি হাসান গরীব)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিযী ৩৯১৯, য'ঈফাহ্ ১৩০০, য'ঈফ আল জামি' ৪। কারণ এর সনদে জুনাদাহ্ ইবনু সুলাই একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মদীনাহ্ শব্দটি সাধারণভাবে শহর অর্থে ব্যবহৃত হয়ে থাকে। এতে সকল শহরকেই মদীনাহ্ বলা যায়। তবে শব্দটি 'আলিফ লাম' যুক্ত করে, অর্থাৎ- الْمَدِينَةُ ব্যবহার হলে সেটি সাধারণ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মদীনাকেই বুঝানো হয় না। এজন্য এ শহরের অধিবাসীকে মাদানী বলা হয় অন্য শহরের অধিবাসীকে মাদীনী বলা হয়। কিয়ামাতের আগে সকল ইসলামী শহরের নির্মাণশৈলী, দালান-কোঠা সবকিছু ধ্বংস হয়ে যাবে। সর্বশেষে ধ্বংস হবে মদীনার দালান-কোঠা ও নির্মিত অট্টালিকাসমূহ। এটা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর তথায় অবস্থানের কারণে হবে।

হাদিসের মান: য'ঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57311>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন